

আমার বাড়ী

আমার বাড়ী:

গ্রামছাড়া ঐ রাঙা মাটির দেশে

আমার বাড়ী:

যেখানে তাল শিমূলের বন

সারি সারি.....

আমার বাড়ী:

যেখানে শেওলা এসে জমে

দীঘির ঘাটে.....

রাখাল বসে বাজায় বাঁশী

মাঠে.....

তুমি কী যাবে আমার বাড়ী ?

আমার বাড়ী:

যেখানে রাজহাঁস খেলা করে

শান্ত দীঘির জলে....

ভোরের ঘুম ভাঙে রোজ

পাখির কোলাহলে.....

তুমি কী যাবে আমার বাড়ী....

আমার বাড়ী:

যেখানে নক্সিকাঁথায় প্রেমের কাহীনি

লেখা.....

পথে-ঘাটে পাবে তালের রসে ডোবা

কত মাতালের দেখা....

তুমি কী যাবে আমার বাড়ী

এই শহর জীবন ছাড়ি !

৯৮৩৬১০৭৯৫৭

মীর গোলাম সাবীর আলী

আমার কবিতা সংগ্রহ